

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২২, ২০২১

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আশ্বিন, ১৪২৮/২২ সেপ্টেম্বর, ২০২১

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আশ্বিন, ১৪২৮ মোতাবেক ২২ সেপ্টেম্বর, ২০২১
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ
করা যাইতেছে :—

২০২১ সনের ১৮ নং আইন

Medical Degrees Act, 1916 রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু Medical Degrees Act, 1916 (Act, no. VII of 1916) রহিত করা সমীচীন
ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Medical Degrees (Repeal) Act,
2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। রহিতকরণ ও হেফাজত।—(১) Medical Degrees Act, 1916 (Act, no. VII of
1916) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(১৩৯৮৯)

মূল্য : টাকা ৪.০০

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Act এর অধীন—

- (ক) প্রদত্ত অনুমোদিত ও ইস্যুকৃত ডিগ্রি, ডিপ্লোমা, লাইসেন্স, সার্টিফিকেট এবং অন্য কোন দলিলের ধারক (holder), গ্রাহক (grantee) বা প্রাপক (recipient) কে, “Western medical science” প্রাকটিস করিবার যোগ্য বলিয়া প্রদানকৃত অনুমতি বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে বলবৎ থাকিবে যেন উক্ত Act রহিত হয় নাই;
- (খ) জারীকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত আদেশ, নির্দেশ, অনুমোদন, যদি থাকে, তবে উহা সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে কার্যকর থাকিবে যেন উক্ত Act রহিত হয় নাই; এবং
- (গ) দায়েরকৃত কোন মামলা বা কার্যধারা কোন আদালতে চলমান থাকিলে উহা এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Act রহিত হয় নাই।

কে, এম, আব্দুস সালাম
সচিব।